# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 14.05.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় পশ্চিমবঙ্গ সহ ৯-টি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৬-টি আসনে গড়ে ৬৭ দশমিক ৭/১ শতাংশ ভোট পড়েছে।

২) সপ্তম দফার লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিলের সময়সীমা আজ শেষ হচ্ছে।

৩) রেশন দুর্নীতি মামলায় রাজ্য সরকার, কলকাতা হাইকোর্টে রিপোর্ট জমা দিয়েছে।

৪) বিজেপি নেতা গঙ্গাধর কয়ালের বিরুদ্ধে এখনই কোনও কড়া পদক্ষেপ করা যাবে না বলে মৌখিক নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫) আইপিএল ক্রিকেটে গুজরাট টাইটান্সের সঙ্গে খেলা বৃষ্টির কারণে ভেস্তে যাওয়ায় কলকাতা নাইট রাইডার্স পয়েন্ট তালিকায় প্রথম দুইয়ে থাকা নিশ্চিত করেছে।

---

লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় পশ্চিমবঙ্গ সহ ৯-টি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৬-টি আসনে গড়ে ৬৭ দশমিক ৭/১ শতাংশ ভোট পড়েছে বলে খবর। দেশের মধ্যে এরাজ্যেই ভোটদানের হার সবচেয়ে বেশি। শেষ খবর পাওয়া পর্যন্ত রাজ্যে এই দফায় ভোট পড়েছে ৭৮ দশমিক ৪/৪ শতাংশ।

চতুর্থ দফায় ভোট নেওয়া ৮ টি আসনের মধ্যে সর্বাধিক ভোটদানের খবর পাওয়া গেছে বোলপুরে, ৮১ দশমিক ২/১ শতাংশ।

এছাড়া বর্ধমান পূর্বে ৮১ দশমিক ০/৩, রানাঘাটে ৭৯ দশমিক ৬/০, বর্ধমান দুর্গাপুরে ৭৮ দশমিক ৯/২, বীরভূমে ৭৮ দশমিক ৭/৬ শতাংশ ভোট পড়েছে।

কৃষ্ণনগরে ৭৮ দশমিক ৬/৪ শতাংশ, বহরমপুরে ৭৭ দশমিক ০/১ এবং আসানসোলে ৭২ দশমিক ১/৫ শতাংশ ভোট পড়ার খবর মিলেছে।

গতকাল ১৬ জন মহিলা সহ ৭৫ জন প্রার্থী রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতার আসরে ছিলেন মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন, দু একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ভোটপর্ব মোটামুটি শান্তিপূর্ণ ছিল।

বাইট

নির্বাচন কমিশনের কাছে মোট এক হাজার ৭০৫ টি অভিযোগ জমা পড়েছে। তার ভিত্তিতেই গ্রেপ্তার করা হয়েছে ৬৯ জনকে। এদের মধ্যে পূর্ব বর্ধমানে ৫৮, আসানসোল ও রানাঘাটে ৫ জন করে এবং বীরভূমে একজন রয়েছেন।

-----------------------

গতকাল ভোট শুরু হওয়ার পর থেকেই বিক্ষিপ্ত অশান্তির খবর আসতে শুরু করে।

মুর্শিদাবাদের বহরমপুর লোকসভা কেন্দ্রের সালারে ১৬৮ নম্বর বুথের প্রিসাইডিং অফিসারকে সরিয়ে দেওয়া হয়। তিনি তৃণমূল কংগ্রেস প্রার্থীদের হয়ে ভোটারদের প্রভাবিত করছিলেন বলে কংগ্রেস, নির্বাচন কমিশনে অভিযোগ জানান।

বীরভূমেও ইলামবাজারের একটি বুথে ভোটারদের প্রভাবিত করার অভিযোগে প্রিসাইডিং অফিসার কোনো ব্যবস্থা না নেওয়ায় নির্বাচন কমিশন তাকে সরিয়ে দিয়েছে। ওয়েবকাস্টিং-এর সময় বিষয়টি নির্বাচন কমিশনের গোচরে আসে।

এদিকে ভোট চলাকালীন জেলার মুরারাইয়ের জাগির গ্রামে নির্বাচনের দায়িত্বে থাকা কেন্দ্রীয় বাহিনীর এক জওয়ানের মৃত্যু হয়েছে। মহেন্দ্র সিংহ নামে ঐ জওয়ানের বাড়ি উত্তরাখন্ডে।

বর্ধমান-দুর্গাপুরের প্রার্থী দিলীপ ঘোষকে ঘিরে গতকাল দফায় দফায় উত্তেজনা ছাড়ায়। মন্তেশ্বরের শুশুনিয়া পঞ্চায়েতের তুল্ল্যা গ্রামের একটি বুথে বিজেপির বুথ এজেন্টকে মারধর করার অভিযোগ পেয়ে ঘটনাস্থলে যান দিলীপ বাবু। তাঁকে ঘিরে বিক্ষোভ, ইট ছোড়া ও তাড়া করার অভিযোগও উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। শাসক দলের মারমুখী কর্মীদের ছোড়া ইটের আঘাতে সংবাদমাধ্যমের একাধিক গাড়ি ক্ষতিগ্রস্ত হয়। যদিও তৃণমূল কংগ্রেসের দাবি, বিজেপির হাতেই তাদের এক কর্মী আহত হয়েছেন। এরপরই বিক্ষুব্ধ সমর্থকরা দিলীপ ঘোষের গাড়ির সামনে শুয়ে পড়েন।

জেলার কপিবাগান এলাকাতেও দিলীপ ঘোষের কনভয়কে ঘিরে বিক্ষোভ ও হামলা চালানো হয়। এই ঘটনায় তার নিরাপত্তার দায়িত্বে থাকা জওয়ানের মাথা ফেটেছে। যদিও পাল্টা তৃণমূল কংগ্রেস কর্মীদের ওপর হামলার অভিযোগ সামনে এসেছে। দুটি ক্ষেত্রেই দিলীপ বাবু পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগ তোলেন।

-----------------------

বিজেপি বীরভূম, বোলপুর এবং কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের কয়েকটি বুথে পুনর্নির্বাচনের দাবি জানিয়েছে। দলের রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য কলকাতায় গতকাল এক সাংবাদিক সম্মেলনে বলেন, বিস্তারিত রিপোর্ট পাওয়ার পরই পুনর্নির্বাচনের বিষয়টি চূড়ান্ত হবে। মন্তেশ্বরে দিলীপ ঘোষকে ঘিরে বিক্ষোভ দেখানোর ঘটনার সমালোচনা করে শমীকবাবু বলেন, সংবাদমাধ্যমের প্রতিনিধিদের ওপরেও এই হামলা চালানো হয়। পরিকল্পিতভাবে কেন্দ্রীয় বাহিনীকে ভুল পথে চালিত করা হয়েছে বলেও তাঁর দাবি।

বাইট

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের মুখপাত্র শান্তনু সেন কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে সাধারণ মানুষের ওপর পাল্টা আক্রমণের অভিযোগ করেছেন।

বাইট

এদিকে, কংগ্রেস মুর্শিদাবাদের ভরতপুর এলাকায় বেশকিছু বুথে ছাপ্পা ভোট এবং ভোটদাতাদের প্রভাবিত করার অভিযোগ জানিয়েছে। নির্বাচন কমিশনকে অভিযোগগুলি গুরুত্ব সহকারে বিবেচনা ও যথাযথ ব্যবস্থা গ্রহণেরও আর্জিও জানিয়েছেন তারা।

-----------------------

সপ্তম দফার লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিলের সময়সীমা আজ শেষ হচ্ছে। এই দফায় রাজ্যের ৯ টি সহ দেশের ৫৭ আসনে ভোটগ্রহন আগামী পয়লা লা জুন। এরাজ্যে দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ড হারবার, কলকাতা উত্তর ও দক্ষিণ, এবং যাদবপুরে ঐদিন ভোট নেওয়া হবে।

জমা পড়া মনোনয়ন পত্র গুলি পরীক্ষা করে দেখা হবে বুধবার ১৫ই মে। নাম প্রত্যাহারের শেষ দিন শুক্রবার ১৭ই মে।

এদিকে, বাকি তিন দফা ভোটে নিরাপত্তা ব্যবস্থা সুনিশ্চিত করতে রাজ্যে কেন্দ্রীয় বাহিনীর সংখ্যা বাড়ানো হচ্ছে। শেষ দুদফায় কেন্দ্রীয় বাহিনীর সংখ্যা হাজার ছাড়িয়ে যাবে। পঞ্চম দফায় মোতায়েন করা হচ্ছে ৭৬২ কোম্পানী বাহিনী।

-----------------------

তৃণমূল কংগ্রেস, সপ্তম দফা নির্বাচনের জন্যে তারকা প্রচারকের তালিকায় দলের প্রাক্তন রাজ্য সাধারন সম্পাদক কুনাল ঘোষকে ফিরিয়ে এনেছে। পয়লা জুন

সপ্তম দফার ভোটের জন্য নির্বাচন কমিশনের কাছে যে তালিকা জমা দেওয়া হয়েছে সেখানে ৪০ জনের মধ্যে কুনাল ঘোষের নাম রয়েছে।

উল্লেখ্য, সম্প্রতি উত্তর কলকাতায় এক অরাজনৈতিক অনুষ্ঠান মঞ্চে একই সঙ্গে বিজেপি প্রার্থী তাপস রায় এবং কুনাল ঘোষকে একসঙ্গে দেখা যায়। এরপরই পঞ্চম ও ষষ্ঠ দফার জন্য দলের তরফে প্রকাশিত তারকা প্রচারকদের তালিকায় তাঁর নাম বাদ পড়ে।

------------------------

রাজ্যে অন্যান্য দফার ভোটগ্রহণের জন্য প্রচার জোরকদমে চলেছে।

প্রবীণ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দলীয় প্রার্থীদের প্রচারে আজ রাজ্যে আসছেন। দুপুরে তিনি বনগাঁ রেলস্টেশন ময়দানে বনগাঁ লোকসভা কেন্দ্রের প্রার্থীর সমর্থনে জনসভা করবেন। এরপর বিকেলে উলুবেরিয়া লোকসভা কেন্দ্রের আমতায় দলীয় প্রার্থীর হয়ে প্রচারে অংশ নেবেন।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ দুটি জনসভা করবেন। পুরুলিয়ার বাগমুন্ডিতে দলীয় প্রার্থীর সমর্থনে সভার পর মেদিনীপুরের দাতনে প্রচার চালাবেন তিনি। অন্যান্য রাজনৈতিক দলগুলিও মিটিং মিছিল জনসভার মধ্যে দিয়ে ভোটারগদের মন জয়ের চেষ্টা চালাচ্ছেন।

------------------------

রেশন দুর্নীতি মামলায় রাজ্য সরকার, কলকাতা হাইকোর্টে রিপোর্ট জমা দিয়েছে । বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে গতকাল জমা দেওয়া ঐ রিপোর্টে রাজ্য জানিয়েছে, ৮৭টি অভিযোগ দায়ের হয়েছে। চার্জশিট দাখিল হয়েছে ৬৫টি মামলায়। ২০টি মামলায় তদন্ত চলছে। এর প্রেক্ষিতে আগামী ১৭ জুনের মধ্যে তদন্তকারী সংস্থা ইডি-কে নিজেদের বক্তব্য জানাতে বলেছে হাইকোর্ট। এর আগে ইডি অভিযোগ

জানিয়েছিল, রেশন সংক্রান্ত মামলাগুলির ব্যাপারে রাজ্য পুলিশের কাছ থেকে উত্তর চেয়েও পাওয়া যায়নি। ২০১৬ সাল থেকে ২০২৩ সালের মধ্যে পুলিশের কাছে ছ'টি এফআইআর দায়ের হওয়া সত্ত্বেও কোনও পদক্ষেপ করেনি পুলিশ।

এই মামলার পরবর্তী শুনানি আগামী ২৪ জুন।

এদিকে, শেখ শাহজাহান সহ তার ভাই ও ঘনিষ্ঠদের জামিনের আর্জি গতকাল ইডির বিশেষ আদালতে খারিজ হয়ে গেছে। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দাবী, বেআইনিভাবে দখল করা জমি ব্যবহার করে যে পাহাড় প্রমাণ দুর্নীতি হয়েছে তার পরিমাণ দাঁড়িয়েছে ২শো ৬০ কোটি টাকা। এই বিপুল পরিমাণ অর্থ কোথায় সরানো হয়েছে, তা তদন্ত করে দেখা হচ্ছে।

------------------------

সন্দেশখালি নিয়ে সম্প্রতি এক ভিডিও ভাইরাল হওয়ার ঘটনায় বিজেপি নেতা গঙ্গাধর কয়ালের বিরুদ্ধে এখনই কোনও কড়া পদক্ষেপ করা যাবে না বলে মৌখিক নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। তাঁর ছবি ব্যবহার করে ভুয়ো ভিডিও তৈরি করা হয়েছে, এই অভিযোগ তুলে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন গঙ্গাধর। গতকাল বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে ওই মামলার শুনানি হয়।

অন্যদিকে, ওই ঘটনায় সুপ্রিম কোর্টের নজরদারিতে তদন্তের আবেদন করেছেন সন্দেশখালির এক মহিলা। গঙ্গাধরের বিষয়টিও সেখানেই তোলা হবে বলে আদালতে জানান রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত। তবে ভিডিও সংক্রান্ত মামলাটি, সন্দেশখালির মূল মামলার সঙ্গে যুক্ত করা হয়নি বলে গঙ্গাধরের আইনজীবী জানিয়েছেন। বিচারপতি সেনগুপ্ত তাঁর বক্তব্যে জানান, হাইকোর্টেই আজ এই মামলার শুনানি হবে।

এদিকে, সন্দেশখালির বিভিন্ন জায়গায় রাত হলেই শাসক দল আশ্রীত দুষ্কৃতীরা বাড়ি বাড়ি গিয়ে সাধারণ মানুষকে ভয় দেখাচ্ছে, এই অভিযোগ তুলেছেন বেড়মজুর এলাকার মহিলারা। গ্রামে তল্লাশি চালানোর নাম করে পুলিশও এর সঙ্গে অত্যাচার চালাচ্ছে বলে তাদের দাবি। এর প্রতিবাদে এবং শেখ শাহজাহানের ভাই সিরাজ সহ তৃণমূল কংগ্রেস আশ্রীত দুষ্কৃতীরা গ্রেপ্তার না হওয়া না পর্যন্ত প্রতিরাতে রাস্তায় বসে পাহারা দেবেন বলে জানিয়ে দিয়েছেন মহিলারা। গতরাতেও লাঠি ঝাটা নিয়ে রাস্তার মোড়ে মোড়ে তাদের বসে থাকতে দেখা যায়।

অন্যদিকে দলীয় কর্মীদের গ্রেপ্তারের প্রতিবাদে গতকাল কাঠপোল বাজার এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। বিক্ষোভরত মহিলাদের পুলিশ টেনে হিঁচরে সরিয়ে দেয়। এরপরই গ্রামে গ্রামে পুলিশি অভিযান শুরু হয়েছে।

-----------------------

আমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে গতসন্ধ্যায় আইপিএল ক্রিকেটে গুজরাট টাইটান্সের সঙ্গে খেলা বৃষ্টির কারণে ভেস্তে যাওয়ায় কলকাতা নাইট রাইডার্স পয়েন্ট তালিকায় প্রথম দুইয়ে থাকা নিশ্চিত করেছে। ইতোমধ্যেই তারা প্লে অফে পৌঁছেছে। প্রথম দুইয়ে থেকে প্লেঅফে উঠলে কোয়ালিফায়ার রাউন্ডে পরাজিত হলেও তাদের কাছে ফাইনালে ওঠার সুযোগ থাকছে। গতকালের ম্যাচ বাতিল হওয়ায় কলকাতা ১৩ ম্যাচে ১৯ পয়েন্ট সংগ্রহ করেছে। এই মুহূর্তে রাজস্থান ছাড়া আর কোনো দল ১৯ পয়েন্টে পৌঁছতে পারবে না।

-----------------------

কলকাতায় গতকাল মহিলাদের টি টোয়েন্টি ক্রিকেটে মোহনবাগান ৮১ রানে রাজস্থানকে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের দু উইকেটে ১৪২ রানের জবাবে রাজস্থান

৬১ রান তোলে। মোহনবাগানের বৃষ্টি মাজী ৮১ রানে অপরাজিত থাকেন। অন্য ম্যাচে ইস্টবেঙ্গল ৪৮ রানে উয়ারিকে পরাজিত করেছে। আর একটি ম্যাচে এরিয়ান ৮ উইকেটে টাউন ক্লাবকে হারিয়ে দিয়েছে।

----------------------- -----------------------